


বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ মার্চ ২০১৯

উপজেলা পরিষদ নির্বাচনের ২য় ধাপে আজ দায়িত্বরত অবস্থায় রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায় দুর্বৃত্তের হামলায় ভোটগ্রহন কর্মকর্তা ও আনসার সদস্যসহ ছয়জন নিহত হয়েছেন। এছাড়া কয়েকজন আহত হয়েছেন। তারা ভোটগ্রহণ শেষে নির্বাচনী ফলাফল ও মালামালসহ উপজেলা সদরে রিটার্নিং কর্মকর্তার দপ্তরে ফিরছিলেন।

নির্বাচন কমিশন জাতীয় দায়িত্বপালনরত ভোটগ্রহণ কর্মকর্তাদের উপর এরূপ কাপুরুষোচিত বর্বর হামলার তীব্র নিন্দা জানাচ্ছে। নির্বাচন কমিশন নিহতদের প্রতি গভীর শোক এবং তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে। একই সাথে শোক-সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছে। ইতোমধ্যে নির্বাচন কমিশন আহতদের সুচিকিৎসার জন্য প্রয়োজনীয় নির্দেশ প্রদান করেছে। নির্বাচন কমিশন যে কোন পরিস্থিতিতে নিহতদের পরিবারের এবং আহতদের পাশে আছে এবং থাকবে।



এস এম আসাদুজ্জামান

যুগ্মসচিব (জনসংযোগ)